



সোনালী ব্যাংক পিএলসি.

বিশিষ্ট ও স্মার্ট

নান্দাইল শাখা, ময়মনসিংহ।

মোবাইল: ০১৭০১-২০৯২২৬

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ (৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মেসার্স নকশী আইটি ওয়ার্ল্ড, প্রোপ্রাইটর শাহ আলম হেলিম মাহিন, পিতা- মোঃ আব্দুল হেলিম, মাতা- মোছাঃ রাবিয়া আক্তার, সাং- চন্ডিপাশা, নান্দাইল, ময়মনসিংহ, মোবাইল নং-০১৭১১১৭১৯৯৫। এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি., নান্দাইল শাখা, ময়মনসিংহ হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ০৮-০৯-২০২৬ খ্রিস্টাব্দ ভিত্তিক ব্যাংকের পাওনা ৩০৭২২৮৬/- টাকা (কথায় : ত্রিশ লক্ষ বাহাত্তর হাজার দুইশত ছিয়াশি টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদ ও মামলাখরচসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোথেক/প্রজেক্ট মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধককৃত স্থাবর সম্পত্তির তফসিল :

জেলা-ময়মনসিংহ, উপজেলা-নান্দাইল, মৌজা- চন্ডিপাশা, জেএল নং- হাল-১০৫, বিআরএস খতিয়ান নং-২৪৫

খতিয়ান নং-			দাগ নং-			জমির শ্রেণী	জমির পরিমাণ (একর)	চৌহদ্দি			
সিএস	এস.এ	বি.আর.এস	সিএস	এস.এ	বি.আর.এস			উত্তর	দক্ষিণ	পূর্ব	পশ্চিম
৩৮৪	৪৩৮	২৪৫	৩৭৮	৩৭৮	৬১৬	কান্দা	০.৪০০০	মোঃ আজিম উদ্দিন	তপন চন্দ্র দাস	মোঃ আজিম উদ্দিন	মোঃ বাবুল মিয়া

শর্তসমূহঃ

- আগামী ২৯/০৯/২০২৬ খ্রিস্টাব্দ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি. প্রিন্সিপাল অফিস, ময়মনসিংহে রক্ষিত দরপত্র ব্যাগে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র ব্যাগ খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।
- দরপত্র সীলমোহরকৃত থাকে এবং নামের উপর স্পষ্ট অক্ষরে “বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকী সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
- দরপত্র দাখিল করার সময় প্রয়োজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ভাবে দেওয়া হইল :

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিনের মধ্যে
খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিনের মধ্যে
গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে

- দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- দরপত্রে উল্লিখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তি রেজিস্ট্রেশন/দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামভব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা- বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- দরপত্র গৃহীত না হইলে দরপত্রদাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।


অফিসার